তারিখ ... 24 NOV 1995 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৭ ...

আজকের কাগজ

84

স্নাতক পরীক্ষার প্রথম দিন

# বিভিন্ন কেন্দ্রে বহিষ্কৃত ১২৬ গ্রেফতার-২

গতকাল জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিজস্ব পাঠ্যক্রম অনুসারে অনুষ্ঠিত স্নাতক পরীক্ষার প্রথম দিনে ঢাকার বাইরে পরীক্ষার্থী বহিষ্কার, পরীক্ষাকেন্দ্র ভাঙচুর, উত্তরপত্র ছিনিয়ে নেয়া ছাড়াও বিভিন্ন অপ্রীতিকর ঘটনা ঘটেছে। নকল সরবরাহের দায়ে ২জন গ্রেফতার হয়েছে। সারাদেশে মোট ৪৩৩টি কেন্দ্রে ১ লাখ ৮১ হাজার ১৩৫জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিচ্ছে। পিরোজপুর থেকে গোপাল মণ্ডল জানান, জেলার সরকারি সোহরাওয়ার্দী কলেজ কেন্দ্রে নকল ধরাকে কেন্দ্র করে সৃষ্ট হাঙ্গামায় ৭টি উত্তরপত্র নিখোঁজ ও ৩টি ছিঁড়ে ফেলা হয়। এ সময় কতিপয় বহিরাগত ও বহিষ্কৃত পরীক্ষার্থীর হাতে ম্যাজিস্ট্রেট আরিফ নাজেহাল হন। কেন্দ্রের ১০টি কক্ষ ভাঙচুর করা হয়। নোয়াখালী থেকে মীর মোশারফ হোসেন মীরন জানান, নোয়াখালী ৯টি কেন্দ্রে মোট ১০জন বহিষ্কৃত হয়। পরীক্ষায় অংশগ্রহণকারী মোট পরীক্ষার্থীর সংখ্যা এক হাজার ৯শ' জন।